দৈনিক ইত্তেফাক

তারিখ 15-JAN-1996
পৃষ্ঠা ১২ কলাম ৮

কিন্ডারগার্টেন শিক্ষা

# শিশু শিক্ষা ইনষ্টিটিউট মার্চে প্রশিক্ষণ শুরু করিবে

ইত্তেফাক রিপোর্ট ।। হাজার হাজার কিণ্ডারগার্টেন স্কুলের শিক্ষা ও শিক্ষণ প্রণালীর দুর্বলতা দূর করার জন্য ইনষ্টিটিউট অব চাইল্ড-হুড এডুকেশন মার্চ মাসে শিক্ষক

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কিণ্ডার গার্টেন শিক্ষা

(শেষ পৃঃ পর)

প্রশিক্ষণ শুরু করিবে। দূরশিক্ষণ ইনষ্টিটিউট প্রতিষ্ঠায় অবকাশ সৃষ্টিকারী প্রতিষ্ঠান ও বিশেষজ্ঞগণ এই ইনষ্টিটিউট গঠনে সক্রিয়। সহস্রাধিক কিণ্ডারগার্টেন ও নার্সারী স্কুল এ ইনষ্টিটিউটের সহিত সহযোগিতা করিতে আগ্রহ ব্যক্ত করিয়াছে। শিক্ষাবিদ ডঃ কেএম সিরাজুল ইসলামের সভাপতিত্বে শনিবার অনুষ্ঠিত ইনষ্টিটিউটের বৈঠকে বাংলাদেশ কিণ্ডারগার্টেন এসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহজাদা মোহাম্মদ আলীও উপস্থিত ছিলেন। এই এসোসিয়েশনের সভানেত্রী তাহেরা খানম ও সাধারণ সম্পাদক শিশু শিক্ষার পদ্ধতি উন্নয়ন ও ইনষ্টিটিউট স্থাপনে সক্রিয় সহযোগিতা দান করিতেছেন। উল্লেখ্য, দেশে এ ধরনের প্রতিষ্ঠান ইহাই প্রথম। কিণ্ডারগার্টেন ছাড়াও দেশের প্রাকপ্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান ও শিশু শিক্ষা কার্যক্রম এ প্রতিষ্ঠান দ্বারা উপকৃত হইবে।

কিণ্ডার গার্টেন স্কুলসমূহের বর্তমান শিক্ষামান সম্পর্কে অনুসন্ধান রিপোর্ট প্রকাশিত হওয়ার পর অপর একটি কিণ্ডার গার্টেন স্কুল সমিতি তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে। ডঃ ইসলাম জানান, সবারই পদ্ধতি উন্নয়ন প্রয়োজন। ইনষ্টিটিউট সার্বজনীন। উল্লেখ্য ডঃ ইসলাম দূরশিক্ষণ ইনষ্টিটিউট ও বিজ্ঞান যাদুঘর প্রতিষ্ঠার জন্য খ্যাত শিক্ষাবিদ। ধানসিড়ি ওয়ার্ল্ড-ভিউ বাংলাদেশে অনুষ্ঠিত চাইল্ডহুড এডুকেশন ইনষ্টিটিউটের গত ৫টি সভায় কারিকুলাম ও প্রশিক্ষণের ব্যাপারে একাধিক বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়। শিশুতোষ খেলনার মাধ্যমে শিশুদের মধ্যে নান্দনিক, গাণিতিক ও প্রায়োগিক অনুভূতি বিকাশের জন্যও ইনষ্টিটিউট কাজ করিবে। এ ধরনের বুদ্ধিমত্তাপূর্ণ ক্রীড়ার উপকরণ তৈরীর ব্যাপারে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।